বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
পরিকল্পনা ও মূল্যায়ন উইং
Bangladesh Agricultural Research Institute
Joydebpur, Gazipur-1701

কৃষিই সমৃদ্ধি
Fax: 02-9263558
Tel: 49270024
PABX: 9251501-5
E. mail: dir.plan@bari.gov.bd
cso.plan@bari.gov.bd

স্মারক নং-বারি/পম-৭০২/০৪(প্রশাসন-১৪)/৮২৪ তারিখঃ ২৮/১১/১৬

বরাবর
পরিচালক
গবেষণা উইং
বিএআরআই, জয়দেবপুর
গাজীপুর।

**বিষয়ঃ কৃষি মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সচিবালয় অংশে রাজস্বখাতে গবেষণা ও উদ্ভাবনী ব্যয়খাতে বরাদ্দকৃত ও অর্থ ব্যয়ের লক্ষ্যে "রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/নির্দেশিকা, ২০১৬" অনুমোদন সংক্রান্ত।**

সূত্রঃ ১২.০০.০০০০.০২২.২৫.০৮৭.১৬-৪৪৩ তারিখঃ০২/১১/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রটির ছায়ালিপি (সংযুক্ত) এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মো. শোয়েব হাসান)
পরিচালক
ফোনঃ ৪৯২৭০০২৪
ই-মেইলঃ dir.plan@bari.gov.bd

কার্যার্থে বিতরণঃ

১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিএআরআই, গাজীপুর (বারি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপিঃ

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, গাজীপুর।
৩। সংশ্লিষ্ট নথি।

E:\KPI\Letter.doc

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা (বাজেট)

নং-১২.০০.০০০০.০২২.০৮৭.১৬- ৪৪৩ তারিখঃ ১৮/০৭/১৪২৩ বং: / ০২/১১/২০১৬ খ্রি:

বিষয়ঃ কৃষি মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সচিবালয় অংশে রাজস্বখাতে গবেষণা ও উদ্ভাবনী ব্যয়খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের লক্ষ্যে "রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/নির্দেশিকা, ২০১৬" অনুমোদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে কৃষি মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সচিবালয় অংশে রাজস্বখাতে গবেষণা ও উদ্ভাবনী ব্যয়খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের লক্ষ্যে অনুমোদিত "রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/নির্দেশিকা, ২০১৬" অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।


সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

(মো: আমিরুল ইসলাম)
উপ-সচিব
ফোনঃ৯৫৪৫০৮১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC), দিলকুশা, মতিঝিল, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেইট, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI), গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI), গাজীপুর।
৭. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA), ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (BSRI), ঈশ্বরদী, পাবনা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI), মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১০. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI), খামারবাড়ি, ফার্মগেইট, ঢাকা।
১১. পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড (CDB), খামারবাড়ি, ফার্মগেইট, ঢাকা।
১২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (BIRTAN), সেচ ভবন, ৪র্থ তলা, ২২. মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অনুলিপি:
১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (প্র: ও উ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৪. যুগ্ম সচিব (বা: ও ম:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা



E/nipa/bari/ Letter 1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা

# রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/নির্দেশিকা, ২০১৬

কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ফসল খাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং প্রতিকূলতা সহিষ্ণু পুষ্টি গুণাগুণ সমৃদ্ধ ফসল উৎপাদনের জন্য আবহাওয়া, প্রকৃতি, মাটির গুণাগুণ ইত্যাদির উপর ভিত্তি করে গবেষণার মাধ্যমে নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবন করে থাকে। এ সকল গবেষণা প্রতিষ্ঠান তাদের অনুকূলে বরাদ্দকৃত অর্থের (অনুন্নয়ন ও উন্নয়ন) মাধ্যমে এ গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। এ জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যান্ডেট অনুসারে প্রকল্প, কর্মসূচি এবং অনুন্নয়ন বাজেটে অর্থ বরাদ্দ করা হয়ে থাকে। কখনও কখনও নিরবিচ্ছিন্ন অর্থ প্রবাহের অভাবে গবেষণা কার্যক্রম ব্যাহত হয়। চলমান কোন গবেষণা কার্যক্রম সম্পন্ন হওয়ার আগে প্রকল্প/কর্মসূচি বন্ধ হলে বা অনুন্নয়ন বাজেটের আওতায় কোন বছর বরাদ্দকৃত অর্থের মাধ্যমে গবেষণা কার্যক্রমের অর্থাভাব হলে অথবা কোন গবেষণা কার্যক্রমে বিশেষ কোন যন্ত্রপাতি ক্রয় কিংবা প্রাকৃতিক দুর্যোগ বা দৈব ও অনাকাঙ্খিত কারণে গবেষণা কার্যক্রম ক্ষতিগ্রস্ত হলে, উক্ত গবেষণা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য তাৎক্ষণিক অর্থের প্রয়োজনের আবশ্যকতা রয়েছে। এসকল দিক বিবেচনায় কৃষি মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সচিবালয় অংশে গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে অর্থের সংস্থান রাখা হয়েছে। উক্ত অর্থ গবেষণা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে পুনঃবরাদ্দ প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন করা হলো।

## ২.০ বিশেষ বরাদ্দের লক্ষ্য :

জরুরী ও বিশেষ পরিস্থিতিতে অতি গুরুত্বপূর্ণ গবেষণা/উদ্ভাবনী কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত ব্যয় নির্বাহের জন্য নিরবিচ্ছিন্ন অর্থ প্রবাহের লক্ষ্যে রাজস্ব খাতে বিশেষ বরাদ্দের মাধ্যমে কৃষি গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম ফলপ্রসূ ও জোরদারকরণ।

## ৩.০ উদ্দেশ্যাবলী:

৩.১ টেকসই উন্নয়ন লক্ষ্য (Sustainable Development Goal-SDG) তে প্রস্তাবিত ২০৩০ সালের মধ্যে কৃষির উৎপাদনশীলতা দ্বিগুণকরণে ভূমিকা রাখা ও সহায়তা প্রদান;

৩.২ কৃষি গবেষণা ও উদ্ভাবন কার্যক্রমে অর্থ প্রবাহের ধারাবাহিকতা বজায় রাখা;

৩.৩ বিশেষ অর্থ সহায়তা প্রদানের মাধ্যমে অগ্রাধিকারমূলক কৃষি গবেষণা কার্যক্রম জোরদারকরণ;

৩.৪ চলমান কোন গবেষণা কার্যক্রম সম্পন্ন হওয়ার আগে কোন কারণে গুরুত্বপূর্ণ প্রকল্প/কর্মসূচি সমাপ্ত/বন্ধ হয়ে গেলে অবশিষ্ট গবেষণা কার্যক্রম সম্পন্নকরণের নিমিত্ত অর্থ বরাদ্দ প্রদান;

৩.৫ অনুন্নয়ন বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থের মাধ্যমে পরিচালিত গবেষণা কার্যক্রম কোন কারণে অর্থাভাবে প্রায় চূড়ান্ত পর্যায়ে বন্ধ হওয়ার উপক্রম হলে অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য বরাদ্দ প্রদান;

৩.৬ কোন গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য জরুরী যন্ত্রপাতি কিংবা জরুরী অন্যান্য ক্রয় এবং দৈব বা অনাকাঙ্খিত কোন দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত গবেষণা কার্যক্রমের ধারাবাহিকতা ব্যাহত হলে তা রক্ষার জন্য বরাদ্দ প্রদান;

৩.৭ সরকার কর্তৃক কোন জরুরী নতুন গবেষণার নির্দেশনা থাকলে এবং এ ক্ষেত্রে প্রকল্প বা কর্মসূচি গ্রহণে বিলম্ব হলে উক্ত গবেষণা কার্যক্রম পরিচালনার প্রাথমিক বরাদ্দ প্রদান; এবং

৩.৮ টেকসই খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়তা প্রদান।

## ৪.০ অর্থের উৎস :

কৃষি মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সচিবালয় অংশে অনুন্নয়ন খাতের বরাদ্দের গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাত।

৫.০ বরাদ্দ প্রস্তাবের মেয়াদকাল :

সর্বোচ্চ ০১ (এক) বছর।

৬.০ প্রতিটি প্রস্তাবে সর্বোচ্চ বাজেট :

বাজেট সংস্থান, কাজের গুরুত্ব ও প্রয়োজনীয়তার নিরিখে নির্দিষ্ট বছরের জন্য বরাদ্দ প্রদান করা হবে।

৭.০ অর্থ বরাদ্দের অগ্রাধিকার ক্ষেত্রসমূহ:

কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতের বরাদ্দ নিম্নলিখিত ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবহার করা যাবে:

৭.১ ফসলের সংগ্রহোত্তর ব্যবস্থাপনা (Post harvest management): ফসল সংগ্রহের পর সংগ্রহোত্তর ক্ষতি কমিয়ে নিরাপদ ও মান সম্পন্ন খাদ্য উৎপাদনে গবেষণা জোরদারকরণ। ফসল কর্তন থেকে শুরু করে মাড়াই, শুকানো ও প্যাকেট জাত করা পর্যন্ত সামগ্রিক কর্মকান্ডে স্বল্প মূল্যে আধুনিক যন্ত্র উদ্ভাবনে গবেষণা করা।

৭.২ কৃষি যন্ত্রপাতি নিয়ে গবেষণা: লাগসই নতুন কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন এবং উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি পরিবেশ ও ব্যবহার উপযোগীকরণের জন্য গবেষণা কার্যক্রম।

৭.৩ লবণাক্ততা, খরা, জলমগ্নতা, তাপ ও ঠাণ্ডা সহিষ্ণু উচ্চ ফলনশীল জাত ও কৃষি প্রযুক্তি উদ্ভাবন: ফসলের লবণাক্ততা, খরা, বন্যা, ঠান্ডা ও অধিক তাপ সহনশীল এবং স্বল্প মেয়াদী উন্নত জাত ও প্রযুক্তি উদ্ভাবন আবশ্যক।

৭.৪ গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতের বিশেষ বরাদ্দকৃত অর্থ হতে বিদেশ প্রশিক্ষণ/ভ্রমণ, যানবাহন, আসবাবপত্র, অফিস সরঞ্জাম ইত্যাদি বাবদ ব্যয় করা যাবে না।

৮.০ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান:

(ক) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI)
(খ) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)
(গ) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA)
(ঘ) বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (BSRI)
(ঙ) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI)
(চ) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI)
(ছ) তুলা উন্নয়ন বোর্ড (CDB)
(জ) বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (BIRTAN)
(ঝ) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC)

৯.০ গবেষণা প্রস্তাব আহবান;

প্রতি বছর ১৫ এপ্রিল এর মধ্যে বিএআরসি কর্তৃক গবেষণা প্রতিষ্ঠানের নিকট থেকে পরবর্তী বছরের জন্য গবেষণা প্রস্তাব আহবান করা হবে।

১০.০ এ নীতিমালা/নির্দেশনা বাস্তবায়নের জন্য ২ (দুই) টি কমিটি থাকবে-(ক) গবেষণা সংক্রান্ত কারিগরি কমিটি ও খ) গবেষণা সমন্বয় কমিটি।

১০.১ গবেষণা সংক্রান্ত কারিগরি কমিটির গঠন ও কার্যপরিধি

১০.১.১ গবেষণা সংক্রান্ত কারিগরি কমিটির গঠন নিম্নরূপ হবে:

| | | |
|---|---|---|
| ১. | সদস্য-পরিচালক (পি এন্ড ই), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | আহবায়ক |
| ২. | সদস্য-পরিচালক (এনআরএম), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | সদস্য |
| ৩. | সদস্য-পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | সদস্য |
| ৪. | পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ৫. | পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ৬. | আবেদনকারী গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি | সদস্য |
| ৭. | পরিচালক (টিটিএমইউ), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | সদস্য সচিব |

*প্রয়োজনে বিশেষজ্ঞ বিজ্ঞানীকে এ কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে।*

১০.১.২ গবেষণা সংক্রান্ত কারিগরি কমিটির কার্যপরিধি

১. উদ্দেশ্য ও অগ্রাধিকার গবেষণা ক্ষেত্রের আলোকে প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ (Research proposal) যাচাই বাছাই ও মূল্যায়ন করা।

২. মূল্যায়নকৃত গবেষণা প্রস্তাবসমূহ সুপারিশসহ ৩১ মে'র মধ্যে গবেষণা সমন্বয় কমিটির নিকট প্রেরণ করা।

১০.২ গবেষণা সমন্বয় কমিটির গঠন ও কার্যপরিধি

১০.২.১ গবেষণা সমন্বয় কমিটির গঠন নিম্নরূপ হবে:

| | | |
|---|---|---|
| ১. | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা | চেয়ারম্যান |
| ২. | নির্বাহী পরিচালক, বারটান, ফার্মগেইট, ঢাকা। | সদস্য |
| ৩. | যুগ্ম সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৪. | যুগ্ম সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৫. | যুগ্ম-সচিব (বাজেট ও মনিটরিং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৬. | যুগ্ম প্রধান (পরিকল্পনা) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৭. | মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ৮. | মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ৯. | মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ১১. | মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা | সদস্য |
| ১২. | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ঢাকা | সদস্য |
| ১৩. | পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা | সদস্য |
| ১৪. | সদস্য পরিচালক (শস্য) | সদস্য |
| ১৫. | সদস্য-পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরসি, ফার্মগেট, ঢাকা | সদস্য-সচিব |

১০.২.২ গবেষণা সমন্বয় কমিটির কর্মপরিধি:

১. গবেষণা সংক্রান্ত কারিগরী কমিটির নিকট হতে প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ পর্যালোচনা ও অনুমোদনপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন ও উপকরণ অনুবিভাগে প্রেরণ করবে। সুপারিশে বরাদ্দের কারণ, যৌক্তিকতা এবং বরাদ্দের খাতওয়ারী হিসাব উল্লেখ করতে হবে।

২. বিএআরসি হতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে কমিটি প্রতি ৩ (তিন) মাস অন্তর সভা আয়োজন করবে এবং গবেষণা প্রস্তাবসমূহের অগ্রগতি মূল্যায়ন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে কৃষি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবে।

১১.০ অর্থ ছাড় প্রক্রিয়া:

বিএআরসি'র মাধ্যমে নির্বাচিত প্রতিটি গবেষণা প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন ও উপকরণ অনুবিভাগে পরীক্ষার পর অর্থ মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। অর্থ মন্ত্রণালয় হতে অনুমোদনের পর ছাড়কৃত অর্থ কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার অনুকূলে মঞ্জুরী প্রদান করবে। মঞ্জুরী আদেশের কপি বিএআরসিকে প্রদান করতে হবে। বিএআরসি প্রতি প্রান্তিক শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট অধিশাখায় প্রেরণ নিশ্চিত করবে। প্রাপ্ত প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। গবেষণা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান ও সংশ্লিষ্ট গবেষণার একজন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে গবেষণা সংক্রান্ত হিসাব পরিচালিত হবে।

## ১২.০ গবেষণা কার্যক্রম মনিটরিং ও ফলাফল মূল্যায়ন পদ্ধতি

(ক) ডেস্ক মনিটরিং: সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রমের প্রধান গবেষক তিন মাস অন্তর গবেষণার কারিগরি ও আর্থিক অগ্রগতি প্রতিবেদন বিএআরসি'তে প্রেরণ করবেন।

(খ) ফিল্ড মনিটরিং: বিএআরসি কর্তৃক গঠিত মনিটরিং টিম গবেষণা চলাকালিন বছরে দুইবার (নভেম্বর ও এপ্রিল মাসে) গবেষণা মাঠ/ল্যাব পরিদর্শন পূর্বক প্রতিবেদন নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বরাবর পেশ করবে। নির্বাহী চেয়ারম্যান মতামতসহ এ প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(গ) পর্যালোচনা কর্মশালা: বছরে অন্তত এক বার বিএআরসি কর্তৃক আয়োজিত পর্যালোচনা/রিভিউ কর্মশালায় প্রধান গবেষক প্রতিটি গবেষণার কারিগরি ও আর্থিক প্রতিবেদন উপস্থাপন করবেন।

(ঘ) গবেষণা প্রতিবেদন মূল্যায়ন: গবেষণার মেয়াদ শেষে প্রধান গবেষক গবেষণার মাধ্যমে উদ্ভাবিত জাত/প্রযুক্তির বিবরণসহ নির্ধারিত ছক অনুযায়ী নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বরাবর সমাপনী প্রতিবেদন জমা দিবেন। নির্বাহী চেয়ারম্যান তাঁর মূল্যায়ন ও সুপারিশসহ উক্ত প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

০১.১১.২০১৬

(মো: সিরাজুল হায়দার এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়।